



ASSOCIATION OF LAND AND LAND REFORMS OFFICERS', WEST BENGAL

এ্যাসোসিয়েশন অব ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল

Regd. No. : S/59306/88-89

MOULALI PLAZA, 4TH FLOOR, 113/A, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata- 700 014

Mail at: gsallo1987@gmail.com

Visit us at: <https://allowb.org>

CENTRAL COMMITTEE

নং - ১৬/আলো/২০২২

তাং- ০৪/০৭/২০২২

প্রতি,

সম্মাননীয় মুখ্যমন্ত্রী,

পশ্চিমবঙ্গ সরকার।

বিষয়: ভূমি ও ভূমিসংস্কার বিভাগে কর্মরত SRO-I ও SRO-II দেব নিয়ে বিভাগীয় সার্ভিস (WBLRS) গঠন।

মাননীয় মহাশয়া,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে বিগত ১১/০২/২০২১ তারিখে ভূমি ও ভূমিসংস্কার এবং উদ্বাস্ত ত্রাণ ও পুনর্বাসন দপ্তরে কর্মরত SRO-I ও SRO-II দেব নিয়ে বিভাগীয় সার্ভিস গঠনের বিজ্ঞপ্তি (No. 406/1E-02/2020-Apptt. Dated-11.02.2021) জারি হয়েছিল। সমগ্র SRO-I ও SRO-II ক্যাডারকে নিয়ে বিভাগীয় সার্ভিস গঠনের জন্য আমাদের দীর্ঘদিনের অপূরিত দাবি পূরণ হওয়ার জন্য আমরা অত্যন্ত আনন্দিত হয়েছিলাম। এ বিষয়ে আমাদের বিভাগীয় মন্ত্রী হিসাবে আপনার ভূমিকাকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি। উক্ত বিজ্ঞপ্তিতে প্রস্তাবিত সার্ভিসে ক্যাডার সংখ্যা, পদ্ধতি, পদসংখ্যা ইত্যাদি বিষয়ে কর্মীবর্গ দপ্তর ও অর্থদপ্তরের সঙ্গে আলোচনা সাপেক্ষে চূড়ান্তকরণ করা হবে বলে জানানো হয়েছিল।

ইতিমধ্যে ১৬ মাস সময় অতিক্রান্ত হওয়ার পরও এ বিষয়ে কোনো চূড়ান্ত নির্দেশনামা প্রকাশিত হয়নি। উপরন্তু, বিভিন্ন সূত্রে জানতে পারছি যে, সকল SRO-I ও SRO-II দেব নিয়ে সার্ভিস গঠনের প্রক্রিয়ায় কিছু জটিলতা তৈরি হয়েছে এবং তা' মূলত: প্রস্তাবিত সার্ভিসের ক্যাডার সংখ্যাকে কেন্দ্র করে। আমরা অত্যন্ত আশঙ্কিত কারণ আমাদের দাবি মোতাবেক সমগ্র SRO-I ও SRO-II ক্যাডারকে অন্তর্ভুক্ত করে প্রস্তাবিত সার্ভিসের ক্যাডার সংখ্যা নির্ধারণ ও RO দেব সেই সার্ভিসের একমাত্র 'ফিডার' করা না হলে তিনটি ক্যাডারের আন্তঃসম্পর্ক, ঐক্য এবং বর্তমানে প্রাপ্ত সুযোগ-সুবিধা সমূহ অত্যন্ত ক্ষতিগ্রস্ত হওয়ার প্রভূত সম্ভাবনা রয়েছে, বিভাগীয় কাজকর্মেও যার নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে আমাদের ধারণা।

উক্ত পরিস্থিতিতে SRO-I, SRO-II ও RO - এই তিনটি ক্যাডারের বর্তমানের তুলনায় উন্নত বেতনক্রম, পদবৃদ্ধি, প্রমোশনের সুযোগবৃদ্ধি ইত্যাদি বিষয় সুনিশ্চিত করার জন্য সমগ্র SRO-I ও SRO-II কে নিয়ে বিভাগীয় সার্ভিস গঠন ও RO দেব সেই সার্ভিসের একমাত্র 'ফিডার' করে চূড়ান্ত নির্দেশনামা প্রকাশই একমাত্র পথ বলে আমাদের ধারণা। সম্মাননীয় মুখ্যমন্ত্রী ও আমাদের বিভাগীয় মন্ত্রী হিসাবে এ বিষয়ে আপনার সময়োচিত হস্তক্ষেপ প্রার্থনা করছি।

আপনার ইতিবাচক ভূমিকার মধ্য দিয়ে অবিলম্বে এই বিষয়ে চূড়ান্ত নির্দেশনামা প্রকাশিত হবে বলে, আমাদের আশা। আপনিই সমস্ত জটিলতা, আশঙ্কাকে দূরীভূত করে আমাদের চাহিদাকে বাস্তবে রূপদান করতে পারবেন - এই আমাদের বিশ্বাস। তাই একান্তভাবে আপনার নিকট প্রার্থনা করছি অবিলম্বে এ বিষয়ে ইতিবাচক নিষ্পত্তি ঘটিয়ে আমাদের আশাপূরণ করে বাধিত করবেন।

আপনি সুস্থ থাকুন ভালো থাকুন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত ও অনুগত

ক্শানু দেব

সাধারণ সম্পাদক